তারিখ 22 JUN 2015
পৃষ্ঠা ২ কলাম ৮

শিক্ষকরা আন্দোলনে

# শাবি ভিসিকে অপসারণ না করলে মঙ্গলবার ঘেরাও

■ সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) উপাচার্য অধ্যাপক আমিনুল হক ভুঁইয়ার অপসারণ দাবিতে পূর্বঘোষিত অবস্থান কর্মসূচি ও সমাবেশ পালন করেছেন আন্দোলনরত শিক্ষকরা। গতকাল রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এ কর্মসূচি পালন করা হয়। সমাবেশ থেকে আজ সোমবারের মধ্যে উপাচার্যকে অপসারিত করা না হলে মঙ্গলবার ভিসি বাসভবন ঘেরাও করার ঘোষণা দেন শিক্ষকরা। আন্দোলন কমিটির আহ্বায়ক অধ্যাপক সৈয়দ শামসুল আলমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন অধ্যাপক আনোয়ারুল ইসলাম দিপু, অধ্যাপক হাসানুজ্জামান শ্যামল, সহকারী প্রক্টর মিরাজুল ইসলাম প্রমুখ।

ভিসি ড. আমিনুল হক ভুঁইয়া জানান, কিছু শিক্ষক অহেতুক আন্দোলন করছেন।